তারিখ 14 AUG 2016
পৃষ্ঠা ৩ কলাম ৬

যুগান্তর

# সাভারে গণবিশ্ববিদ্যালয় আন্তঃবিভাগীয় ফুটবল

**স্টাফ রিপোর্টার,** *সাভার*

গণবিশ্ববিদ্যালয়ে 'আন্তঃবিভাগীয় ফুটবল প্রতিযোগিতা' (ছেলে-মেয়ে) শুরু হয়েছে শনিবার। সাভারে বিশ্ববিদ্যালয়ের নিজস্ব মাঠে প্রতিযোগিতা অনুষ্ঠিত হচ্ছে। নকআউট পদ্ধতিতে প্রতিযোগিতায় ছেলেদের ১৩টি ও মেয়েদের ১২টি দল অংশ নিচ্ছে। প্রতিদিন তিনটি করে ম্যাচ অনুষ্ঠিত হবে। উদ্বোধনী অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার মো. দেলোয়ার হোসেন ও ক্রীড়া কমিটির সভাপতি মো. রফিকুল আলম বক্তব্য রাখেন। এ সময় স্বাস্থ্য ও চিকিৎসা বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. আশরাফ-উল করিম খান, কলা ও সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. এম নজরুল ইসলাম, ভৌত ও গাণিতিক বিজ্ঞান অনুষদের ডিন ড. হাসিন অনুপমা আজহারী, পরীক্ষা নিয়ন্ত্রক মীর মর্তুজা আলী, গণস্বাস্থ্য সমাজভিত্তিক মেডিকেল কলেজের অধ্যক্ষ ডা. লায়লা পারভীন বানুসহ বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধান, শিক্ষকমণ্ডলী এবং বিপুলসংখ্যক শিক্ষার্থী উপস্থিত ছিলেন। উদ্বোধনী অনুষ্ঠানের শুরুতে বিভিন্ন বিভাগের ছেলে ও মেয়ে খেলোয়াড়রা মার্চপাস্টে অংশ নেন। উদ্বোধনী দিন মেয়েদের একটি এবং ছেলেদের দুটি ম্যাচ অনুষ্ঠিত হয়। সকালে মেয়েদের খেলায় রাজনীতি ও প্রশাসন বিভাগ ১-০ গোলে ফিজিওথেরাপি বিভাগকে হারায়। বিকেলে ছেলেদের ফলিত গণিত এবং রাজনীতি ও প্রশাসন বিভাগের মধ্যে অনুষ্ঠিত খেলায় রাজনীতি ও প্রশাসন বিভাগ টাইব্রেকারে ৩-১ গোলে জয়ী হয়।